**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
বেপজা কমপ্লেক্স
বাড়ি নং-১৯/ডি, রোড নং-৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.bepza.gov.bd

নম্বর: ০৩.০৬.২৬১৬.৩০৭.১১.০০৪.২৬.১৪৯৭

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩৩
২৩ জুন ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর অধীন বেপজা অর্থনৈতিক অঞ্চল, মীরসরাই, চট্টগ্রাম-এ নতুন দুটি জোন ঘোষণা হওয়ার প্রেক্ষিতে নবসৃষ্ট পদ ও বেপজার অপরাপর শূন্যপদ পূরণের লক্ষ্যে বেপজার রাজস্বখাতের নিম্নবর্ণিত শূন্যপদসমূহে নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে (http://bepza.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না।

| ক্রম | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| (১) | সহকারী পরিচালক (প্রশাসন) ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-০৯) | ৫ | ন্যূনতম স্নাতক সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা যেকোনো বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী ন্যূনতম ২য় শ্রেণীর অনার্স ডিগ্রী। |
| (২) | সহকারী পরিচালক (বিনিয়োগ উন্নয়ন/এন্টারপ্রাইজ সার্ভিসেস/শিল্প সম্পর্ক/কমার্শিয়াল অপারেশন) ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-০৯) | ৮ | ন্যূনতম ২য় শ্রেণীর এমবিএ অথবা অর্থনীতি, লোকপ্রশাসন, ব্যবস্থাপনা, বিজ্ঞানে স্নাতক সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী ন্যূনতম ২য় শ্রেণীর অনার্স ডিগ্রী। |
| (৩) | সহকারী পরিচালক (হিসাব/নিরীক্ষা) ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-০৯) | ২ | বাণিজ্য বিভাগে ন্যূনতম স্নাতক সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা বাণিজ্য বিভাগে ০৪ (চার) বছর মেয়াদী ন্যূনতম ২য় শ্রেণীর অনার্স ডিগ্রী। |
| (৪) | সহকারী প্রকৌশলী (পুর) ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-০৯) | ২ | সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (পুর) ডিগ্রী। |
| (৫) | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-০৯) | ২ | সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (বিদ্যুৎ) ডিগ্রী। |
| (৬) | নিরাপত্তা কর্মকর্তা ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-০৯) | ১ | ন্যূনতম স্নাতক ডিগ্রিসহ সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত মাস্টার ওয়ারেন্ট অফিসার/সিনিয়র ওয়ারেন্ট অফিসার/ওয়ারেন্ট অফিসার অথবা বিমান ও নৌবাহিনীর সমমর্যাদাসম্পন্ন কর্মকর্তা। |
| (৭) | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী নিরীক্ষা কর্মকর্তা ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ৪ | বাণিজ্য বিভাগে ন্যূনতম স্নাতক ডিগ্রীসহ হিসাবরক্ষক/ক্যাশিয়ার পদে ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা। |
| (৮) | জুনিয়র অডিও ভিজ্যুয়াল অফিসার ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ১ | ন্যূনতম স্নাতক ডিগ্রীসহ ডিজিটাল, স্টিল ফটোগ্রাফী ও ভিডিওগ্রাফী, ফটোশপ বিষয়ে গণমাধ্যম উপযোগী কোর্সসহ ইলেকট্রনিক মিডিয়ায় সংবাদ প্রেরণ উপযোগী রেকর্ডিং ও ভিডিও ধারণ বিষয়ে ৩ বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| (৯) | উপসহকারী প্রকৌশলী (পুর) ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ৫ | ইঞ্জিনিয়ারিং (পুর) এ ডিপ্লোমা। |
| (১০) | উপসহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ৩ | ইঞ্জিনিয়ারিং (বিদ্যুৎ) এ ডিপ্লোমা। |
| (১১) | উপসহকারী প্রকৌশলী (যান্ত্রিক) ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ২ | ইঞ্জিনিয়ারিং (যান্ত্রিক) এ ডিপ্লোমা। |
| (১২) | সহকারী নিরাপত্তা কর্মকর্তা ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ১ | ন্যূনতম এইচ.এস.সি. পাসসহ সেনাবাহিনীর সার্জেন্ট অথবা বিমান ও নৌবাহিনীর সমমর্যাদাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মকর্তা। |
| (১৩) | লাইব্রেরিয়ান ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ১ | স্নাতক ডিগ্রীসহ লাইব্রেরি সাইন্সে ডিপ্লোমা অথবা স্নাতক ডিগ্রীসহ লাইব্রেরি সাইন্সে স্নাতকোত্তর অথবা লাইব্রেরি সাইন্সে স্নাতক সম্মান ডিগ্রী। |
| (১৪) | ইমাম ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ১ | কামিল পাসসহ কোন অনুমোদিত মাদ্রাসা হতে ক্বারীয়ানা পাস। |
| (১৫) | স্টোর কিপার ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) | ২ | ন্যূনতম স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| (১৬) | ক্যাশিয়ার ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) | ২ | বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| (১৭) | নিরাপত্তা পরিদর্শক ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) | ৪ | এইচএসসি পাসসহ সশস্ত্র বাহিনীর কর্পোরাল অথবা সমমর্যাদাসম্পন্ন পদে অবসরপ্রাপ্ত ব্যক্তি। |
| (১৮) | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | ৭ | এইচএসসি পাস এবং বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দের গতি। |
| (১৯) | ড্রাফটসম্যান ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | ২ | ড্রাফটসম্যানশিপে ডিপ্লোমাসহ ১ বৎসরের বাস্তব অভিজ্ঞতা (অথবা ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (আর্কিটেকচার টেকনোলজি/আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন টেকনোলজি) সনদ প্রাপ্ত)। |
| (২০) | পাম্প অপারেটর ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ৫ | এসএসসি পাসসহ লাইসেন্সিং বোর্ড হতে 'সি' লাইসেন্স প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (২১) | মিটার রিডার ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ২ | এসএসসি পাসসহ লাইসেন্সিং বোর্ড হতে 'সি' লাইসেন্স প্রাপ্ত। |
| (২২) | ফটোকপি মেশিন অপারেটর ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ২ | এসএসসি পাসসহ সংশ্লিষ্ট কাজে ৭ বৎসরের অভিজ্ঞতা। |
| (২৩) | মোয়াজ্জিন ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ২ | ক্বারীয়ানা পাসসহ মোয়াজ্জিন হিসেবে ১ বৎসরের অভিজ্ঞতা এবং ন্যূনতম দাখিল পাস। |
| (২৪) | ইলেকট্রিশিয়ান ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ৪ | এসএসসি পাসসহ লাইসেন্সিং বোর্ড হতে 'সি' লাইসেন্স প্রাপ্ত। |
| (২৫) | গাড়ী চালক ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ১৮ | ৮ম শ্রেণি পাস এবং যানবাহন চালনায় সরকার কর্তৃক নির্ধারিত উপযুক্ত কর্তৃপক্ষ হতে লাইসেন্স প্রাপ্ত। |
| (২৬) | রাজমিস্ত্রী ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ২ | ৮ম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| (২৭) | কুক ৮,৫০০-২০,৫৭০/- (গ্রেড-১৯) | ২ | ৮ম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (২৮) | ডিসপাস রাইডার ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ২ | এসএসসি পাসসহ মোটর সাইকেল চালানোর দক্ষতা। |
| (২৯) | প্লাম্বার সহকারী ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ২ | ৮ম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৩০) | মালী ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ২ | ৮ম শ্রেণি পাসসহ পেশাগত কাজে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| (৩১) | সার্ভিস বয় ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ২ | ৮ম শ্রেণি পাসসহ সংশ্লিষ্ট কাজে ১ বৎসরের অভিজ্ঞতা। |
| (৩২) | রাজমিস্ত্রী হেলপার ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ২ | ৮ম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| (৩৩) | ইলেকট্রিক হেলপার ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ৪ | ৮ম শ্রেণি পাস এবং লাইসেন্সিং বোর্ড হতে 'সি' লাইসেন্স প্রাপ্ত। |
| (৩৪) | নিরাপত্তা প্রহরী ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ১১ | (ক) বেসামরিক প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি পাস।<br>(খ) সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে সৈনিক/ল্যান্স কর্পোরাল বা সমমর্যাদাসম্পন্ন পদে ৫ বছর চাকরির অভিজ্ঞতা।<br>**শারীরিক যোগ্যতা:** উচ্চতা সর্বনিম্ন ৫ ফুট ৫ ইঞ্চি, ওজন ন্যূনতম ১১০ পাউন্ড বা ৫০ কেজি এবং বুকের মাপ স্বাভাবিক ৩০ ইঞ্চি ও স্ফীত ৩২ ইঞ্চি হতে হবে। |

**শর্তাবলী:**

১) নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে;

২) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণপূর্বক আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার বোর্ডে কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করতে হবে;

৩) সকল পদে শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং-শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ/সিজিপিএ এর বিপরীতে পূর্বের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বিভাগ/শ্রেণি নিম্নরূপভাবে নির্ধারিত হবে:

(ক) এস.এস.সি. বা সমমান এবং এইচ.এস.সি. বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| অর্জিত জিপিএ | পূর্বের সমতুল্য বিভাগ/শ্রেণি |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ |

(খ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য বিভাগ/শ্রেণি |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেল | ৫.০০ পয়েন্ট স্কেল | |
| সিজিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | সিজিপিএ ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ/শ্রেণি |
| সিজিপিএ ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | সিজিপিএ ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ/শ্রেণি |
| সিজিপিএ ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | সিজিপিএ ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় বিভাগ/শ্রেণি |

GD-

৪) <u>বয়সসীমা:</u>

| ক্রম | পদের নাম | ০১ জুলাই ২০২৬ তারিখে বয়সসীমা |
|---|---|---|
| (১) | নিরাপত্তা কর্মকর্তা, সহকারী নিরাপত্তা কর্মকর্তা, নিরাপত্তা পরিদর্শক, নিরাপত্তা প্রহরী **ব্যতীত সকল পদ** | ১৮-৩২ বছর |
| (২) | নিরাপত্তা কর্মকর্তা | সর্বোচ্চ ৫০ বছর |
| (৩) | সহকারী নিরাপত্তা কর্মকর্তা | সর্বোচ্চ ৪৭ বছর |
| (৪) | নিরাপত্তা পরিদর্শক | সর্বোচ্চ ৪৭ বছর |
| (৫) | নিরাপত্তা প্রহরী | (ক) বেসামরিক প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর;<br>(খ) সশস্ত্র বাহিনীর প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর। |

বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৫) কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যেকোনো সময় তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬) নিরাপত্তা কর্মকর্তা, সহকারী নিরাপত্তা কর্মকর্তা, নিরাপত্তা পরিদর্শক এবং নিরাপত্তা প্রহরী পদে শুধুমাত্র যোগ্য পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন;

৭) নিরাপত্তা কর্মকর্তা, সহকারী নিরাপত্তা কর্মকর্তা, নিরাপত্তা পরিদর্শক, গাড়ী চালক এবং নিরাপত্তা প্রহরী পদে স্বাস্থ্যগত পরীক্ষা অনুষ্ঠিত হবে;

৮) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে;

৯) প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখকৃত পদসংখ্যা প্রয়োজনে হ্রাস/বৃদ্ধি হতে পারে;

১০) চাকরিতে নিয়োগলাভের ক্ষেত্রে কোটার বিষয়ে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে;

১১) লিখিত/ব্যবহারিক/স্বাস্থ্যগত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১২) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ বোর্ডে দাখিল করতে হবে:

(ক) লিখিত পরীক্ষার প্রবেশপত্র (রঙিন প্রিন্ট);
(খ) অনলাইন Applicant's Copy (রঙিন প্রিন্ট);
(গ) সকল শিক্ষাগত যোগ্যতা সনদের মূলকপি;
(ঘ) কোটায় আবেদনকারী প্রার্থীদের কোটার সপক্ষে প্রমাণপত্রের মূলকপি;
(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের মূলকপি;
(চ) অনলাইন আবেদনে উল্লেখকৃত স্থায়ী ঠিকানার সপক্ষে ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের মূলকপি;
(ছ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূলকপি;
(জ) অনলাইন আবেদনে উল্লেখকৃত সকল অভিজ্ঞতা সনদের মূলকপি;
(ঝ) গাড়ী চালক পদের প্রার্থীদের ক্ষেত্রে BRTA কর্তৃক ইস্যুকৃত বৈধ পেশাদার লাইসেন্স;
(ঞ) ডিসপাস রাইডার পদের প্রার্থীদের ক্ষেত্রে BRTA কর্তৃক ইস্যুকৃত বৈধ পেশাদার/অপেশাদার লাইসেন্স;
(ট) সশস্ত্র বাহিনীর প্রার্থীদের ক্ষেত্রে সশস্ত্র বাহিনীর চাকরি থেকে অবসরের সনদ/খালাসী বইয়ের মূলকপি;

১৩) উপরে বর্ণিত সকল কাগজপত্রের ০১ সেট সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে;

১৪) একজন প্রার্থী শুধুমাত্র ১ (এক) টি পদে আবেদন করতে পারবেন। একাধিক পদে আবেদন করলে উক্ত প্রার্থীর সকল আবেদন বাতিল বলে গণ্য হবে;

১৫) নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে http://bepza.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(ক) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১ জুলাই ২০২৬**, সকাল ১০:০০ টা**;

(খ) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০ জুলাই ২০২৬**, বিকাল ৫:০০ টা**। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

(গ) Online আবেদনপত্রে প্রার্থী তার ছবি দৈর্ঘ্য এবং প্রস্থ ৩০০x৩০০ (Pixel) এবং স্বাক্ষর দৈর্ঘ্য এবং প্রস্থ ৩০০x৮০ (Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন;

(ঘ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে তাই Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থীকে শতভাগ নিশ্চিত হতে হবে;

(ঙ) **পরীক্ষার ফি প্রদান:**

Online এ আবেদনপত্র (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID থাকবে এবং উক্ত User ID ব্যবহার করে প্রার্থী যে কোন Teletalk Prepaid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে অনলাইনে আবেদন ফি প্রদান করবেন। আবেদন ফি সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর: ০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৫-৩৬২, তারিখ: ৩০ ডিসেম্বর ২০২৪ অনুসারে নিম্নোক্তভাবে আবেদন ফি প্রদান করতে হবে:

| ক্রম | পদের নাম | পরীক্ষা ফি | সার্ভিস চার্জ ও ভ্যাট | মোট আবেদন ফি |
|---|---|---|---|---|
| ১) | সহকারী পরিচালক (প্রশাসন), সহকারী পরিচালক (বিনিয়োগ উন্নয়ন/এন্টারপ্রাইজ সার্ভিসেস/শিল্প সম্পর্ক/কমার্শিয়াল অপারেশন), সহকারী পরিচালক (হিসাব/নিরীক্ষা), সহকারী প্রকৌশলী (পুর) , সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), নিরাপত্তা কর্মকর্তা, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী নিরীক্ষা কর্মকর্তা, জুনিয়র অডিও ভিজ্যুয়াল অফিসার, উপসহকারী প্রকৌশলী (পুর), উপসহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), উপসহকারী প্রকৌশলী (যান্ত্রিক), সহকারী নিরাপত্তা কর্মকর্তা, লাইব্রেরিয়ান, ইমাম | ২০০/- (দুইশত) টাকা | ২৩/- (তেইশ) টাকা | ২২৩/- (দুইশত তেইশ) টাকা (অফেরৎযোগ্য) |
| ২) | স্টোর কিপার, ক্যাশিয়ার, নিরাপত্তা পরিদর্শক, অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর, ড্রাফটসম্যান, পাম্প অপারেটর, মিটার রিডার, ফটোকপি মেশিন অপারেটর, মোয়াজ্জিন, ইলেকট্রিশিয়ান, গাড়ী চালক, রাজমিস্ত্রী | ১০০/- (একশত) টাকা | ১২/- (বারো) টাকা | ১১২/- (একশত বারো) টাকা (অফেরৎযোগ্য) |
| ৩) | কুক, ডিসপাস রাইডার, প্লাম্বার সহকারী, মালী, সার্ভিস বয়, রাজমিস্ত্রী হেলপার, ইলেকট্রিক হেলপার, নিরাপত্তা প্রহরী | ৫০/- (পঞ্চাশ) টাকা | ৬/- (ছয়) টাকা | ৫৬/- (ছাপ্পান্ন) টাকা (অফেরৎযোগ্য) |
| ৪) | সকল ক্যাটাগরির পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণীর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থী | ৫০/- (পঞ্চাশ) টাকা | ৬/- (ছয়) টাকা | ৫৬/- (ছাপ্পান্ন) টাকা (অফেরৎযোগ্য) |

Online এ আবেদন দাখিলের অনধিক ৭২ ঘণ্টার মধ্যে প্রার্থীদের আবেদন ফি পরিশোধ করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**(চ) SMS প্রেরণের নিয়মাবলী:**

প্রথম SMS: **BEPZA**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: BEPZA ABCDEF

Reply: Applicant's name, Tk. 223/112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee type BEPZA<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **BEPZA**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BEPZA YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BEPZA Application for post . User ID is (ABCDEF) and Password (*********).

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে;

(জ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বেপজার ওয়েবসাইটে https://bepza.gov.bd/job-circulars এবং http://bepza.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bepza.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে ;

(ঝ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bepza.teletalk.com.bd ওয়েবসাইটে এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়াদি প্রার্থীর আবেদনে উল্লেখকৃত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে অবহিত করা হবে বিধায়, উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়;

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যে কোন অপারেটরের ফোন নম্বর থেকে ০১৫০০-১২১১২১ নম্বরে কল করতে পারবেন অথবা recruitment@bepza.gov.bd বা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর subject-এ Organization Name: BEPZA, Post Name, Applicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে);

(ট) **ডিক্লারেশন**: প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা করার পরামর্শ দেয়া যাচ্ছে।

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

(সমীর বিশ্বাস)
নির্বাহী পরিচালক (প্রশাসন)
(উপসচিব)
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ

-1612